Total No. of Printed Pages—4

**4 SEM FYUGP BNLC 4D**

**2026**

( May/June )

BENGALI

( Core )

Paper : BNLC 4D

( শিশু ও কিশোর সাহিত্য )

*Full Marks* : 60

*Time* : 2½ hours

*The figures in the margin indicate full marks for the questions.*

**প্রথম একক**

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) রবীন্দ্রনাথ ঠাকুরের পূর্ববর্তী একজন শিশুসাহিত্যিকের নাম লেখো।

(খ) 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থটির গল্পগুলো কে সংগ্রহ করেছিলেন?

(গ) বাংলা শিশুসাহিত্যের জনক কাকে বলা হয়?

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) বাংলা শিশুসাহিত্যিক কবি কাজী নজরুল ইসলামের কবিতাগুলি উল্লেখ করে তাঁর অবদান লেখো।

(খ) শিশু-কিশোর সাহিত্যের কয়েকটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) উনবিংশ শতকের বাংলা শিশুসাহিত্যের একটি পরিচয় তুলে ধরো।

(খ) বাংলা শিশু-কিশোর সাহিত্যে পত্র-পত্রিকার অবদান কতখানি সেই বিষয়ে আলোচনা করো।

## দ্বিতীয় একক

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'আখের ফল' গল্পে শিয়াল পণ্ডিত আখের খেতে ঢুকে কী দেখতে পেয়েছিল?

(খ) 'বাঘের উপর টাগ' গল্পে ঘোড়ার দাম কত টাকা?

(গ) 'টুনটুনি আর রাজার কথা' গল্পে রাজার কতজন রাণী ছিলেন?

৫। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) 'বাঘের উপর টাগ' গল্পে জোলা তার ছেলেকে কেন চড় মেরেছিল তা উল্লেখ করো।

(খ) 'টুনটুনি আর রাজার কথা' গল্পে রাজার নাক কাটা যাওয়ার প্রসঙ্গটি বর্ণনা করো।





৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) "উপেন্দ্রকিশোর বাংলা শিশুসাহিত্যের অন্যতম পুরোধা পুরুষ। তাঁর রচিত 'টুনটুনির বই'-এ রচিত গল্পগুলি একদিকে যেমন ছোটদের আনন্দ দেয়, তেমনি কিছু নীতি কথা ও সামাজিক চিত্রও এতে প্রকাশ পেয়েছে।" তোমার পাঠ্য গল্পগুলি অবলম্বনে আলোচনা করো।

(খ) 'চড়াই আর কাকের কথা' গল্পে কাকের মৃত্যু কীভাবে হয়েছিল তার বর্ণনা দাও।

## তৃতীয় একক

৭। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) সুকুমার রায়ের ছদ্মনাম কী?

(খ) 'সৎপাত্র' কবিতায় পাত্র গঙ্গারাম কয়বার ম্যাট্রিক পরীক্ষায় অবতীর্ণ হয়েছে বলে জানা যায়?

(গ) 'গন্ধ বিচার' ছড়ায় রাজার শালা কে?

৮। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) 'বোম্বাগড়ের রাজা' কবিতায় কাল্পনিক রাজ্য বোম্বাগড়ের রাজার অদ্ভুত সব কর্মকাণ্ডের বর্ণনা দাও।

(খ) 'একুশে আইন' কবিতায় শিবঠাকুরের আপন দেশের আইন-কানুন কেমন ছিল তা উল্লেখ করো।

৯। উত্তর দাও (যে কোনো একটি) : ৯

(ক) শিশুসাহিত্যিক হিসাবে সুকুমার রায়ের একটি পরিচয় দিয়ে বাংলা সাহিত্যে তাঁর স্থান নির্দেশ করো।

(খ) 'গন্ধ বিচার' ছড়ায় রাজার নির্দেশানুযায়ী মন্ত্রীর জামার গন্ধ শোঁকার কাহিনি বর্ণনা করো।

(গ) ''সুকুমার রায়ের 'আবোল তাবোল' কবিতা উদ্ভট, আজগুবি এবং হাস্যরসাত্মক হলেও এর গভীরে সমসাময়িক সমাজ, বাবু-সংস্কৃতির প্রচ্ছন্ন সমালোচনা প্রকাশ পেয়েছে।'' আলোচনা করো।

## চতুর্থ একক

১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) হর্ষবর্ধনের বয়স কত?

(খ) গোবর্ধনের বউদি কোন্ ঠাকুরের পূজা করত?

(গ) ''তুমি না বিলেতে গিয়ে যুদ্ধ করেছিলে; সেই যুদ্ধ যখন নিজের দেশেই এসেছে এই সুযোগ তুমি হাতছাড়া করবে বল কী?'' উক্তিটি কার?

১১। যে কোনো একটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও : ৪

(ক) হর্ষবর্ধন ও গোবর্ধনের বাঘ ধরার কাহিনির বর্ণনা দাও।

(খ) 'গোবর্ধনের কেরামতি' গল্প অবলম্বনে গোবর্ধনের কেরামতির বর্ণনা দাও।

১২। উত্তর দাও (যে কোনো একটি) : ৯

(ক) হর্ষবর্ধন ও গোবর্ধনের কাব্যচর্চার বর্ণনা দাও।

(খ) 'গোবর্ধনের প্রাপ্তিযোগ' গল্পে গোবর্ধনের কীভাবে হাজার টাকা প্রাপ্তি হয়েছিল তা উল্লেখ করো।

★★★